তথ্য অবমুক্তকরণ নীতিমালা
প্রণয়ন ও এর চর্চা জনগণের সেবায়
সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সদিচ্ছার প্রমাণ দেয়।
এটি তথ্যে নাগরিকের প্রবেশাধিকার
সৃষ্টির মাধ্যমে প্রতিষ্ঠানের
স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে।

**মোহাম্মদ ফারুক**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

## সূচিপত্র


| ক্রম | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | উপক্রমণিকা | ৩ |
| ২. | তথ্যের প্রকারভেদ | ৪ |
| ৩. | চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা | ৪ |
| ৪. | ময়মনসিংহ বিভাগের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম | ৪ |
| ৫. | প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা | ৭ |




## উপক্রমণিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে, "সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য"। সংবিধানে বর্ণিত এই নির্দেশ অনুসরণ করে জনসেবা প্রদান নিশ্চিত করা প্রজাতন্ত্রের কর্মচারীদের অন্যতম প্রধান কর্তব্য। সরকারি দপ্তর কর্তৃক প্রদেয় সেবা সংক্রান্ত তথ্য উন্মুক্ত করা হল জনগণের সেবা পাওয়ার পূর্বশর্ত। আর অবাধ তথ্যপ্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ সালে "তথ্য অধিকার আইন, ২০০৯" প্রণয়ন করেছে। তথ্যে জনগণের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য সকল সরকারি দপ্তরে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০ ধারার বিধানানুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তথ্য কমিশন-এর উদ্যোগে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও কার্যালয়সমূহ তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিধি বিধানের আলোকে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা এবং তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে তথ্যের ক্যাটালগ প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করেছে।

অবাধ তথ্য প্রবাহের মাধ্যমে বাংলাদেশের সার্বিক উন্নয়ন কার্যক্রম আজ বিশ্ববাসীর কাছে এক রোলমডেল হিসেবে আত্মপ্রকাশ করেছে। বিগত বছরগুলিতে যে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে সেগুলির মধ্যে সরকারি সেবা প্রদান পদ্ধতিকে গণমুখী করা অন্যতম। তথ্য অধিকার আইন এমন একটি আইন যার বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং এবং এর ফলাফল আরও বেশি সুদুরপ্রসারী। তথ্য অধিকার আইন এর এই চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

বর্তমান সরকার রূপকল্প ২০২১ অর্জনের লক্ষ্যে কাজ করছে। এই লক্ষ্য অর্জনের জন্য সমাজের সর্বস্তরে সুশাসন নিশ্চিত করা অত্যাবশ্যক। আর সুশাননের অন্যতম পূর্বশর্ত হলো স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা। জনপ্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের অন্যতম কার্যকর পন্থা হল স্বপ্রণোদিত তথ্য প্রকাশ। সেই লক্ষ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করেছে। এ নির্দেশিকা সকল নাগরিক ও তথ্য ব্যবহারীর নিকট তথ্য প্রদানের ক্ষেত্র বিস্তৃত করবে এবং মন্ত্রিপরিষদ বিভাগ এর স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ

## তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে প্রস্তুতকৃত তথ্যের ক্যাটালগ

তথ্যের প্রকারভেদ:

১) প্রকাশযোগ্য তথ্য

২) প্রকাশ অযোগ্য তথ্য

**চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা (তথ্য অধিকার আইনের ৬ ধারা অনুযায়ী)**

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে-

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য
- বিভিন্ন নীতি
- মন্ত্রণালয়ের বাজেট
- আর্থিক তথ্য, যেমন- আয়/ব্যয়সংক্রান্ত হিসাব বিবরণী
- অডিট রিপোর্ট (জবাবসহ)
- প্রকল্পের ব্যয় সংক্রান্ত তথ্য
- ক্রয়সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর)
- উপকারভোগীর তালিকা
- নিয়োগ বদলির আদেশ
- দেশে বা বিদেশ ভ্রমণসংক্রান্ত তথ্যাদি
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৬) ব্যতীত অন্য সকল তথ্য।

### ময়মনসিংহ বিভাগের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম

| ক্রম | তথ্যের বিবরণ | সেবা প্রদান পদ্ধতি |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনারের তথ্য | ওয়েবসাইট |
| ২. | বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণের নাম, পদবি, শাখা, দাপ্তরিক ও আবাসিক টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ফ্যাক্স নম্বর ও ই-মেইল | ওয়েবসাইট |
| ৩. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ- এর অর্গানোগ্রাম | ওয়েবসাইট |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৫. | মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৬. | জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৭. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ- এর ক্রয় পরিকল্পনা | ওয়েবসাইট |
| ৮. | বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ- এর বাজেট | ওয়েবসাইট |
| ৯. | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা | ওয়েবসাইট |
| ১০. | কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | ওয়েবসাইট |



| | | |
|---|---|---|
| ১১. | সরকারি পরিদর্শন/সফরসূচি | ওয়েবসাইট |
| ১২. | বিভিন্ন প্রকার সভার নোটিশ ও কার্যবিবরণী | ওয়েবসাইট |
| ১৩. | জেলা প্রশাসক সম্মেলনের কর্মসূচি | ওয়েবসাইট |
| ১৪. | বিভিন্ন প্রকার বিজ্ঞপ্তি (টেন্ডার, কোটেশন, নিয়োগ, সংবাদ বিজ্ঞপ্তি) | ওয়েবসাইট |
| ১৫. | বিভিন্ন আইন, বিধিমালা, পরিপত্র, প্রজ্ঞাপন | ওয়েবসাইট |
| ১৬. | জেলা প্রশাসকগণের তালিকা | ওয়েবসাইট |
| ১৭. | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণের তালিকা | ওয়েবসাইট |
| ১৮. | উপজেলা নির্বাহী অফিসারগণ/সহকারী কমিশনার (ভূমি) গণের বদলি/পদায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ১৯. | প্রশাসনিক কর্মকর্তাদের বদলি সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২০. | বিসিএস (প্রশাসন) ক্যাডারের নব-নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২১. | নির্বাহী ম্যাজিস্ট্রেটগণের কেস এ্যানোটেশন অনুমোদন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২২. | বিসিএস (প্রশাসন) ক্যাডারের শিক্ষানবিস কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণের আবেদন অগ্রায়ণ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৩ | কর্মকর্তাদের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদান সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৪. | সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনারগণের ম্যাজিস্ট্রেসি ক্ষমতা অর্পণের তথ্য | ওয়েবসাইট |
| ২৫. | সার্টিফিকেট আদালত পরিচালনার ক্ষমতা প্রদান সংক্রান্ত তথ্য | |
| ২৬. | ১৪-২০ তম গ্রেডের কর্মচারীদের পদোন্নতি প্রদান সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৭. | অত্র কার্যালয়ে কর্মরত কর্মকর্তাকর্মচারীদের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর/ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৮. | কর্মকর্তা/কর্মচারিগণের শ্রান্তি বিনোদন ছুটি, অর্জিত ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ২৯. | অত্র কার্যালয়ে কর্মরত কর্মকর্তাকর্মচারীদের পাসপোর্ট/ করার অনাপত্তিপত্র সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩০. | জল মহাল ও বালু মহালের ইজারা অনুমোদন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩১. | হাট বাজারের ক্যালেন্ডার অনুমোদন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩২. | ১০ লক্ষ টাকার উর্ধ্বের জলমহালের ইজারা অনুমোদন সংক্রান্ত তথ্য (২০ একরের অধিক) | ওয়েবসাইট |
| ৩৩ | হাট বাজার স্থাপনের প্রস্তাব অগ্রায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩৪. | ভিপি পুকুর ও ফলের বাগান ইজারা অনুমোদন সংক্রান্ত তথ্য (দশ হাজার টাকার উর্ধ্বে) | ওয়েবসাইট |
| ৩৫. | আন্তঃজেলা ও আন্তঃ বিভাগ খেয়াঘাট ইজারা সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩৬ | বেসরকারি কারা পরিদর্শক নিয়োগ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩৭. | নতুন জেলা, উপজেলা, থানাফাঁড়ী স্থাপন পুলিশ স্টেশন ও পুলিশ , সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৩৮. | মাঠ পর্যায়ে জেলা/উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা (২০২১-২২) | ওয়েবসাইট |
| ৩৯. | ময়মনসিংহ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা | ওয়েবসাইট |
| ৪০. | ময়মনসিংহ বিভাগের ইনোভেশন টিম | ওয়েবসাইট |
| ৪১. | ময়মনসিংহ বিভাগের উদ্ভাবনী প্রকল্পসমূহ | ওয়েবসাইট |

| | | |
|---|---|---|
| ৪২. | সেবা সহজিকরণ ম্যানুয়াল | ওয়েবসাইট |
| ৪৩. | সহজিকৃত সেবার তালিকা | ওয়েবসাইট |
| ৪৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৪৫. | সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৪৬. | তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৪৭. | বিভিন্ন স্তরের সরকারি দপ্তরে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বাস্তবায়ন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৪৮. | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) | ওয়েবসাইট, মুদ্রিত কপি |
| ৪৯. | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্তৃপক্ষের তথ্য | ওয়েবসাইট |
| ৫০. | জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান-নীতিমালা সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৫১. | শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের নামের তালিকা | ওয়েবসাইট |
| ৫২. | বিভিন্ন প্রকার প্রকাশনা (বার্ষিক প্রতিবেদন, লিফলেট, বুকলেট) | ওয়েবসাইট |
| ৫৩. | ময়মনসিংহ বিভাগের ২০২০-২১ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন | ওয়েবসাইট, প্রকাশিত প্রতিবেদন |
| ৫৪. | জাতীয় সামাজিক সুরক্ষা কৌশলসমূহ | জাতীয় সামাজিক সুরক্ষা কৌশলসমূহ |
| ৫৫. | টেকসই উন্নয়ন অভিলক্ষ্য (SDG) এর মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ | টেকসই উন্নয়ন অভিলক্ষ্য (SDG) এর মন্ত্রিপরিষদ বিভাগ সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ |
| ৫৬. | সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) | ওয়েবসাইট |
| ৫৭. | জেলা ব্র্যান্ডিং কৌশল-২০১৭ | ওয়েবসাইট |
| ৫৮. | জেলা ব্র্যান্ডবুকসমূহ | মুদ্রিত |
| ৫৯. | বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস/মেলা/সেমিনার/কর্মশালা/ মতবিনিময় সভা আয়োজন/উদযাপন সংক্রান্ত তথ্য | ওয়েব সাইটে প্রকাশ এবং এ বিভাগের জেলা প্রশাসকের কার্যালয়গুলোতে অনুলিপি প্রেরণ। |

**<u>প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা (তথ্য অধিকার আইনের ৭ ধারা অনুযায়ী)</u>**

নিম্নলিখিত তথ্য সমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না-

- তথ্য প্রকাশিত হলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরুপ তথ্য;
- আদালতে বিচারাধীন কোন বিষয় অথবা যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরুপ তথ্য;
- তদন্তাধীন কোনো বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরুপ তথ্য;
- কোনো ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য;



- আইন দ্বারা সংরক্ষিত কোনো ব্যক্তির গোপনীয় তথ্য;
- নিয়োগ পরীক্ষার প্রশ্ন পত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;
- কোনো তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরুপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয় বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;
- কোনো তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরুপ তথ্য;
- কোনো তথ্য প্রকাশের ফলে জনগনের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠ বিচার কার্য ব্যাহত হতে পারে এরুপ তথ্য;
- কোনো তথ্য প্রকাশের ফলে কোনো ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরুপ তথ্য;
- কোনো তথ্য প্রকাশের ফলে কোনো ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরুপ তথ্য;
- আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরুপ তথ্য;